

প্রশ্নঃ ৪৯৯. সূর্যগ্রহণের সময় গর্ভবতী নারীদের অনেক কাজ করতে দেওয়া হয় না। এটার কারণ কি?

সূর্যগ্রহণের সময় গর্ভবতী নারীদের অনেক কাজ করতে দেওয়া হয় না” এটি কুসংস্কার। সূর্যগ্রহণের সময় সালাতুল কুসুফ, জিকির আযকার, দোয়া-ইসতিগফার ইত্যাদি করতে হয়। তবে অন্য কাজ করলে পেটের বাচ্চার সমস্যা হবে ইত্যাদি সত্য নয়।

إِنَّ الشَّمْسَ وَالْقَمَرَ لَا يَخْسِفَانِ لِمَوْتِ أَحَدٍ وَلَا لِحَيَاتِهِ وَلَكِنَّهُمَا آيَاتَانِ مِنْ آيَاتِ اللَّهِ

সূর্য বা চন্দ্রগ্রহণ কারো জন্ম-মৃত্যুর কারণে হয় না, এগুলো আল্লাহর নিদর্শনাবলির দুটি নিদর্শন মাত্র। (সহীহ বুখারী ১০৪২)

إِنَّ الشَّمْسَ وَالْقَمَرَ آيَاتَانِ مِنْ آيَاتِ اللَّهِ، لَا يَنْخَسِفَانِ لِمَوْتِ أَحَدٍ وَلَا لِحَيَاتِهِ، فَإِذَا رَأَيْتُمْ ذَلِكَ فَادْعُوا اللَّهَ وَكَبِّرُوا، وَصَلُّوا وَتَصَدَّقُوا

সূর্য ও চন্দ্র আল্লাহর নিদর্শনাবলির দুটি নিদর্শন মাত্র। কারো মৃত্যু বা জন্মের কারণে সূর্য বা চন্দ্রগ্রহণ হয় না। যখন তোমরা তা দেখবে তখন বেশি বেশি আল্লাহকে ডাকবে (দোয়া করবে), বেশি বেশি তাকবির (আল্লাহু আকবার) বলবে, নামাজ পড়বে এবং সদকা করবে। (সহীহ বুখারী ১০৪৪)

অনলাইনে দেখার জন্য স্ক্যান করুন:

